গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃংখলা শাখা

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০০.২৭.১১০.২১.৩২৪ তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

বিষয়: **মো: হাফিজুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, ভোলা এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে।**

সূত্র: সূত্র: অভিযোগকারী জনাব মোঃ হেলাল উদ্দীন, ওয়ার্ড নং ০৯, ভোলা পৌরসভা হতে প্রাপ্ত পত্রের ডকেট নং ৩১৫৭৯ তারিখঃ ২৩/১২/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনি জনাব হাফিজুর রহমান, পিতা: আব্দুল লতিফ হাওলাদার, সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, ভোলা দীর্ঘ ২০/২৫ বছর পর্যন্ত সদর হাসপাতাল, ভোলা এর দায়িত্ব পালন করে আসছেন। আপনি রোগীদের কাছ থেকে বিভিন্ন কৌশলে টাকা গ্রহণ করে অঢেল সম্পত্তির মালিক হয়েছেন। কোনভাবেই আপনাকে ইমার্জেন্সি বিভাগের ইনচার্জের দায়িত্ব থেকে বিরত রাখা যাচ্ছে না এবং ইমার্জেন্সি ইনচার্জের দায়িত্ব পালনের সময় কয়েকজন দালালের মাধ্যমে সরকারি ঔষধ ও সার্জিক্যাল মালামাল বাসায় নিয়ে রোগীদের চিকিৎসায় ব্যবহার করে বড় অংকের টাকা হাতিয়ে নেন। বিভিন্ন সময় আপনাকে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক বদলী করা হলেও এ অধিদপ্তরের আদেশে পুনরায় সদর হাসঅপাতাল, ভোলায় বহাল হন। এভাবে আপনি দীর্ঘ সময় যাবৎ উক্ত হাসপাতালে ইমার্জেন্সি বিভাগের ইনচার্জের দায়িত্ব পালন করে আসছেন। ইমার্জেন্সি বিভাগের সরকারি ঔষধ ও সার্জিক্যাল মালামাল বিক্রি করে আপনি অঢেল সম্পত্তির মালিক হয়েছেন মর্মে জানা যায়। আপনি একজন দ্বিতীয় শ্রেণীর সরকারী কর্মচারী হয়ে বর্তমানে একজন কোটিপতি এবং বিভিন্ন স্থানে আপনার স্ত্রী,সন্তান ও আত্মীয় স্বজনের নামে আপনার স্থায়ী ঠিকানা ঝালকাঠি জেলায় জমিজমা ক্রয় করে অনেক সম্পত্তির মালিক হয়েছেন এবং আপনার ব্যাংক একাউন্টে কোটি কোটি টাকা জমা আছে মর্মে জনাব মোঃ হেলাল উদ্দীন, ওয়ার্ড নং ০৯, ভোলা পৌরসভা জানিয়েছেন।

২। বর্ণিত অবস্থায়, জনাব মোঃ হেলাল উদ্দীন, ওয়ার্ড নং ০৯, ভোলা পৌরসভা কর্তৃক আনীত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেওয়া হবে না তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপযুক্ত কারণ জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

৯-৮-২০২১
বেগম সিদ্দিকা আক্তার
মহাপরিচালক

মো: হাফিজুর রহমান, সিনিয়র স্টাফ নার্স
সদর হাসপাতাল, ভোলা।

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০০.২৭.১১০.২১.৩২৪/১(৪) তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিভিল সার্জন, ভোলা।
২) উপপরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
৩) জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, ভোলা।
৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, , নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৯-৮-২০২১
মো: নাসির উদ্দিন
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃংখলা শাখা

জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৫.২১.৩২৬

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

বিষয়: **তদন্ত বোর্ড গঠন।**

সূত্র: চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকের কার্যালয়ের গত ২৭-০১-২০২১ তারিখের স্মারক নং- চমেকহা/শাখা-নার্সিং/২০২১/১০৪২/১/১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে (১) জনাব অশ্রু কনা মধু (পিতা: অজিত মধু), (২) জনাব সাথী আক্তার (পিতা: আব্দুল আজিজ হাওলাদার) এবং (৩) জনাব দেব জ্যোতি মন্ডল (পিতা: জগত্‌বন্ধু মন্ডল) , সিনিয়র স্টাফ নার্সবৃন্দ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম এর বিরুদ্ধে পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম কর্তৃক দীর্ঘদিন অনুপস্থিতির অভিযোগ আনায়ন করা হয়েছে। উক্ত অভিযোগ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ (৩) অনুযায়ী নিম্ন লিখিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করা হল।

১. অধ্যক্ষ, চট্টগ্রাম নার্সিং কলেজ, চট্টগ্রাম---------------------------------------------------- আহ্বায়ক;
২. ডিস্ট্রিক পাবলিক হেলথ নার্স, চট্টগ্রাম ---------------------------------------------------- সদস্য;
৩. সেবা তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম -------------------- সদস্য সচিব।

তদন্ত বোর্ড তদন্ত কাজে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১১ বিধি অনুসরণ করবেন এবং একই বিধিমালার ৭(৪) বিধি মোতাবেক আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

৯-৮-২০২১
বেগম সিদ্দিকা আক্তার
মহাপরিচালক

বিতরণ :
১) অধ্যক্ষ, চট্টগ্রাম নার্সিং কলেজ, চট্টগ্রাম,
২) ডিস্টিক পাবলিক হেলথ নার্স, চট্টগ্রাম
৩) সেবা তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৫.২১.৩২৬/১(৭)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম
২) সিভিল সার্জন, চট্টগ্রাম

৩) উপপরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
৪) অধ্যক্ষ, চট্টগ্রাম নার্সিং কলেজ
৫) জনাব অশ্রু কনা মধু, সিনিয়র স্টাফ নার্স, চট্টগ্রাম মেডিকেল কলেজ
৬) জনাব সাথি আক্তার, সিনিয়র স্টাফ নার্স, চট্টগ্রাম মেডিকেল কলেজ
৭) জনাব দেব জ্যোতি মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, চট্টগ্রাম মেডিকেল কলেজ

৯-৮-২০২১
মো: নাসির উদ্দিন
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭.০৮১.২১-

তাং----------------------/১৪২৮ বঙ্গাব্দ।
/২০২১ খ্রিষ্টাব্দ।

## নোটিশ

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (পিতা-শেখ আঃ ওহাব), সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকার ০৯/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৫১ নং স্মারকে নিম্ন স্বাক্ষরকারীকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (পিতা-শেখ আঃ ওহাব), সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কার্যক্রম আগামী ১২/০৮/২০২১খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকার সময় সরেজমিনে সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

২। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (পিতা-শেখ আঃ ওহাব), সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা)-কে উক্ত তদন্ত কার্যক্রমে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বলা হল।

(রেবেকা খাতুন)
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা ও তদন্ত কর্মকর্তা।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭.০৮১.২১-৫২৭/১(১২)

তাং ২৮/৪/১৪২৮ বঙ্গাব্দ।
১০/৮/২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা (তদন্ত কার্যক্রমে সার্বিক সহযোগীতা করণের জন্য অনুরোধ করা হল)।
৫। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, কক্সবাজার।
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৭। উপ-পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৮। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা (তদন্ত কার্যক্রমে উপস্থিত থেকে সার্বিক সহযোগীতা করণের জন্য অনুরোধ করা হল)।
৯। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, কক্সবাজার।
১০। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (পিতা-শেখ আঃ ওহাব), সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা)।
১১। জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, পিতা-মৃত মোহাম্মদ ইসমাইল মিয়া, স্টাফ নার্স, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা (তাদেরকে উক্ত তদন্ত কার্যক্রমে হাজির থাকার জন্য বলা হল)।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১০/৮/২০২১
(রেবেকা খাতুন)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা ও তদন্ত কর্মকর্তা।